গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১-১১৮

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮
১৬ মে ২০২১

বিষয়: শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে করনীয় নির্ধারনের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৯.০৫.২০২১ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়াল (জুম অ্যাপস) এর মাধ্যমে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে করনীয় নির্ধারনের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৬/০৫/২১
(কাজী লুতফুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন:৯৫৪০৯২২
healthad3@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):
০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প: ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৪. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৫. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৬. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;
০৭. পরিচালক (প্রশাসন), নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৮. উপ-সচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০৯. উপ-সচিব (পার-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
১০. উপ-সচিব (চিশি-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
১১. উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), রাজবাড়ি;
১২. উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), টাংগাইল;
১৩. উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), পটুয়াখালী;
১৪. প্রিন্সিপাল, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, নিপোর্ট, রাঙ্গামাটি;
১৫. সহকারী সচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
১৬. সিনিয়র কম্পিউটার অপারেটর, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হল)

অনুলিপি সদয় অবগতির জন্য:
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mefwd.gov.bd

# শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্ণীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে করনীয় নির্ধারনের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মো: শাহ্ আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

সভার তারিখ ও সময় : ৯.০৫.২০২১ খ্রি: সকাল ১১:০০ টা

সভার স্থান : ভার্চুয়াল সভা (জুম অ্যাপস)

জুম ক্লাউডে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং ২০২১-২০২২ বছরের শুদ্ধাচার কর্মকৌশল প্রণয়নের জন্য এ সংক্রান্ত সংশ্লিষ্ট কার্যক্রম আগামী ১৫/০৫/২০২১ তারিখের মধ্যে শেষ করে তা মন্ত্রিপরিষদ বিভাগে জমা দেয়া হবে বলে তিনি সভাকে অবহিত করেন। ২০১৯-২০২০ সালের এ বিভাগের শুদ্ধাচারের কার্যক্রম সন্তোষজনক ছিল না বলেও তিনি সভাকে জানান। সীমিত আকারে হলেও প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ ২/১টি অধ:স্থন অফিসে শুদ্ধাচারের কার্যক্রম চালু এবং মনিটরিং এর উপর নজর দেয়ার জন্য তিনি বলেন। কর্মক্ষেত্রে সুশাসনের জন্য যে প্রতিবন্ধকতাসমূহ রয়েছে সেখানে শুদ্ধাচার নিশ্চিত করার অনুরোধ করেন।

০১। টাংগাইল জেলার উপ-পরিচালক (প:প:) বলেন, টাংগাইল জেলার মির্জাপুর সদর ইউনিয়ন মা ও শিশু কেন্দ্রকে সুশাসন প্রতিষ্ঠায় উত্তম চর্চার জন্য নির্বাচন করা যেতে পারে। ইতোমধ্যে এ জেলায় নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। উপ-পরিচালক (প:প:) এবং FWV উভয়েই সরকারি কোয়ার্টারে অবস্থান করেন বলে তিনি সভাকে অবহিত করেন। এ প্রসংগে তিনি আরও বলেন, FPI দেরকে দুইভাবে মনিটরিং করা হয়ে থাকে প্রথমত: EMIS এর মাধ্যমে Tour Diary অনুযায়ী FPI-দের স্ব-স্ব প্রতিষ্ঠান পরিদর্শন করার কথা। তারা তা ঠিকমত করেছে কিনা প্রতিনিয়ত মনিটর করা হচ্ছে। এছাড়াও সকল FPI-দের নিয়ে একটি Facebook Group করা আছে। তারা কখন কি কাজ করছে প্রতিটা কাজের ছবি group এ শেয়ার দিচ্ছে। এছাড়াও কর্মক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠার জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যায় বলে তিনি সভাকে অবহিত করেন-

(ক) সেবা গ্রহীতাগণ এর আগমন ও প্রস্থান এর সময় রেজিস্ট্রারে লিপিবদ্ধ করা যেতে পারে ;
(খ) সেবা গ্রহীতারা ঔষধপত্র ঠিকমত পাচ্ছে কিনা তা সার্বক্ষনিক মনিটর করা যেতে পারে;
(গ) সেবা গ্রহীতাদের সন্তুষ্টি প্রমানের জন্য অভিযোগ বাক্সের ব্যবস্থা করা যেতে পারে;
(ঘ) নিয়মিত গণশুনানির ব্যবস্থা করা যেতে পারে;
(ঙ) সিসি টিভি ক্যামেরার ব্যবস্থা করা যেতে পারে; এবং
(চ) On the job training এর ব্যবস্থা করা যেতে পারে।

C:\Users\Dell\Desktop\Regulation rtf(12.05.21).rtf

০৩। রাজবাড়ী জেলার উপ-পরিচালক (প:প:) বলেন, রাজবাড়ি জেলার উপ-পরিচালক (প:প:) এর কার্যালয় এবং রাজবাড়ি জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্র এই ২টি প্রতিষ্ঠানকে সুশাসন প্রতিষ্ঠার আওতায় আনা যেতে পারে। সুশাসন প্রতিষ্ঠার জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যায় বলে তিনি সভাকে অবহিত করেন-

(ক) ডিজিটাল হাজিরা চালু করা যেতে পারে
(খ) সিটিজেন চার্টার চালু করা যেতে পারে ; এবং
(গ) ডিজিটাল ডিসপ্লে বোর্ড চালু করা যেতে পারে;

০৪। এ প্রসংগে পটুয়াখালী জেলার উপ-পরিচালক (প:প:) বলেন, বিভিন্ন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে এ সংক্রান্ত কমিটি গঠন করার কাজ ইতোমধ্যে শেষ হয়েছে বলে তিনি সভাকে জানান। এ জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) জাতীয় পুরস্কার পেয়েছে বলেও তিনি জানান। পটুয়াখালী জেলার সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে ঝুলানো রয়েছে। পটুয়াখালী জেলার সদর হাসপাতালের MCWC-তে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে ডেলিভারি পূর্বের চেয়ে অনেক বেড়েছে বলে তিনি সভাকে জানান। এছাড়া, পরিবার পরিকল্পনা কার্যক্রম পূর্বের চেয়ে বর্তমানে অনেক ভাল অবস্থায় বলে তিনি সভায় উল্লেখ করেন। এরপর সুশাসন প্রতিষ্ঠার জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যায় বলে সভাকে অবহিত করেন:

(ক) ডেলিভারী হওয়ার পর কোন জটিলতা থাকে কিনা সে বিষয়টি মনিটরিং এর ব্যবস্থা করা যেতে পারে;
(খ) অভিযোগ বাক্স নতুন করে চালু করা যেতে পারে;
(গ) প্রতি ০১ মাস অন্তর গণশুনানির ব্যবস্থা করা যেতে পারে;
(ঘ) সাংবাদিকদের নিয়ে মাঝে মাঝে মতবিনিময় সভা করা যেতে পারে;
(ঙ) FPI-দের inter district বদলীর ব্যবস্থা করা যেতে পারে।

০৫। RPTI, রাঙ্গামাটির Principal বলেন, RPTI এবং RTC উভয় প্রতিষ্ঠানের মধ্য হতে ০১টি করে প্রতিষ্ঠান নির্বাচন করা যেতে পারে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তা সার্বক্ষনিক হেড অফিস হতে মনিটরিং করা হচ্ছে বলে তিনি জানান। কিন্তু Follow up করা সম্ভব হচ্ছে না। প্রশিক্ষণ গ্রহণ করার পর প্রশিক্ষণার্থীরা তাদের কর্মক্ষেত্রে তা কিভাবে প্রয়োগ করছে তা পর্যবেক্ষণ করা প্রয়োজন বলেও তিনি সভায় জানান। এক্ষেত্রে নিয়মিত TOT প্রশিক্ষণ এর ব্যবস্থা করা যেতে পারে। প্রশিক্ষণার্থীরা অনেক সময় প্রশিক্ষণ এর ফিডব্যাক দিয়ে যায়। সেখান থেকে Best Trainer নির্বাচন করা যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন, দেশে মোট ১২টি RPTI এবং ২০টি RTC-তে নিয়মিত নিপোর্টের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

০৬। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিচালক বলেন, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাধ্যমে সারা বাংলাদেশে মাঠকর্মীদের ১২০০ মোবাইল এর সীম প্রদান করা হয়েছে। যা দিয়ে কর্মীদের কর্মকান্ড সার্বক্ষেনিক মনিটরিং করা হচ্ছে। পর্যায়ক্রমে মাঠ পর্যায়ে হাজিরা নিশ্চিতের ব্যবস্থা করা হচ্ছে বলে তিনি সভাকে অবহিত করেন।

০৭। চিকিৎসা শিক্ষা-১ শাখার উপ-সচিব এ প্রসংগে বলেন, মাঠ পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার জন্য একটি প্রতিষ্ঠানকে মডেল হিসাবে প্রতিষ্ঠা করার চেষ্টা চলছে। এ ক্ষেত্রে তিনি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ হতে একটি শাখা/অধিশাখাকে মডেল হিসাবে নেয়া যায় কিনা তা বিবেচনার অনুরোধ জানান। এ প্রসংগে যুগ্ম-সচিব (প্রশাসন) বলেন, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর মধ্যে চিকিৎসা শিক্ষা-২ শাখা সবচেয়ে বেশী জনসেবা মূলক কাজ এর সাথে সম্পৃক্ত। এক্ষেত্রে চিকিৎসা শিক্ষা-২ শাখাকে বিবেচনা করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৮। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়</u> :

(ক) টাংগাইল জেলার মির্জাপুর সদর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, রাজবাড়ী উপ-পরিচালক (প: প:) কার্যালয়, রাজবাড়ী সদর মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং সদর পটুয়াখালী মা ও শিশু কল্যাণ কেন্দ্র-কে সুশাসন প্রতিষ্ঠার মডেল হিসাবে গ্রহণ;
(খ) উল্লিখিত কার্যালয়সমূহে সিসিটিভি ক্যামরা স্থাপন, ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন, ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন ও মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ;
(গ) অভিযোগ বক্স স্থাপন, অনলাইন অভিযোগ নিস্পত্তি ও প্রতি ০৩ মাস অন্তর গণশুনানীর ব্যবস্থা গ্রহণ;
(ঘ) সরকারি ঔষধ বিতরণ ব্যবস্থা ডিজিটালাইজড করণ এবং সেবা গ্রহীতাদের ঔষধ প্রাপ্তি নিশ্চিতকরণ;
(ঙ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত প্রত্যেক অফিসে সিটিজেন চার্টার টানানো এবং হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
(চ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পিআরএল, ল্যামগ্রান্ট এবং পেনশন কেইসসমূহ দ্রুত নিস্পত্তিকরণ ও সেবা সহজীকরণ।

০৯। অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১২.০৫.২১

(মো: শাহ্ আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ